# উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির জানুয়ারী/২৫ মাসের কার্যবিবরনীঃ

সভাপতি:জনাব মো:আমিনুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার,কাহারোল,দিনাজপুর।
স্থান:উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,কাহারোল,দিনাজপুর।
তারিখঃ ৩০ /০১ /২০২৫খ্রি

সভায় উপস্থিত সদস্যগনের নাম,পদবী,স্মাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | সভায় পদবী | স্মাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মো:আমিনুল ইসলাম,<br>উপজেলা নির্বাহী অফিসার,কাহারোল,দিনাজপুর। | সভাপতি | |
| ২ | জনাব এম,কে,এ জিন্নাত আলী<br>উপজেলা শিক্ষা অফিসার,কাহারোল,দিনাজপুর। | সদস্য | |
| ৩ | জনাব মো:রোকোনুজ্জামান<br>ইন্সট্রাক্টর,উপজেলা রিসোর্স সেন্টার,কাহারোল,দিনাজপুর। | সদস্য | |
| ৪ | জনাব সঞ্জয় কুমার মিত্র<br>চেয়্যারম্যান,২নং রসুলপুর ইউনিয়ন | সদস্য | |
| ৫ | জনাব মো: জিয়াউল ইসলাম<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত) ,কাহারোল,দিনাজপুর। | সদস্য সচিব | |

আলোচ্য সূচীঃ
১) বিনা মূল্যে পাঠ্য পুস্তক বিতরন সংক্রান্ত।
২) শিক্ষার্থীদের নিয়মিত শ্রেনী কক্ষে উপস্থিতি নিশ্চিত করন সংক্রান্ত।
৩) বিবিধ ।

অদ্যকার সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার জনাব মো:আমিনুল ইসলাম উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। কমিটির সদস্য সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মো:জিয়াউল ইসলাম সভাকে জানান ২০২৫ শিক্ষার্বষের সরকার প্রদত্ত (৬ষ্ঠ -১০ম) শ্রেনীর বিনামূল্যে পাঠ্য পুস্তক উপজেলায় এসে পৌছেছে। উপজেলা থেকে বই সংগ্রহ করে রেজিস্টারের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে বিতরন করা প্রয়োজন। সভায় আলোচনান্তে বিনা মূল্যে পাঠ্যপুস্তক উপজেলা থেকে সংগ্রহ করে রেজিস্টারের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে বিতরনের জন্য প্রতিষ্ঠান প্রধানদের দায়িত্ব দেওয়ার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হলো।

২নং আলোচ্য সূচীর বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান শিক্ষাবর্ষের শুরুতে নতুন পাঠ্য পুস্তক পেয়ে প্রতিষ্ঠানে শিক্ষার্থীর উপস্থিতি সন্তোষজক হওয়ার কথা থাকলেও পরর্বতীতে বিভিন্ন অজুহাতে উপস্থিতি ক্রমান্বয়ে কমতে থাকে। বর্তমানে শিক্ষা মন্ত্রনালয়ের নির্দেশনা অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানে কাংক্ষিত সংখ্যক শিক্ষার্থী উপস্থিতি না থাকলে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করে দেওয়া হবে। এ বিষয়ে আলোচনায় শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের সর্তক করে পত্র দেওয়া ও সজাগ থাকার জন্য অনুরোধ জানানো হলো। কমিটির অন্যান্য সদস্য র্পযায়ক্রমে শিক্ষা প্রতিষ্ঠান পরির্দশন করবেন।

বিবিধ বিষয়ে কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে সভায় সক্রিয় অংশ গ্রহনের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩০/০১/২০২৫

( মো:আমিনুল ইসলাম)
সভাপতি
উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা স্টিয়রিং কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার,কাহারোল,দিনাজপুর।

স্মারক নং: উমাশি/কাহা/দিনাজ/২০২৫/ ১৮৩

৩০ /০১/২০২৫খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১) জেলা প্রশাসক,দিনাজপুর।
২)জেলা শিক্ষা অফিসার,দিনাজপুর।
৩) উপজেলা নির্বাহী অফিসার,কাহারোল,দিনাজপুর।
৪) জনাব ---------------------------------------
৫) অফিস কপি ।

( মোঃজিয়াউল ইসলাম )
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত)
কাহারোল,দিনাজপুর।